

মাননীয় সভাপতি ও পরিচালন অধিকর্তা
পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড
বিদ্যুৎ উন্নয়ন ভবন, বিধাননগর,
কলকাতা-৭০০০৯৮

বিষয় : বদলী সংক্রান্ত ।

মহাশয়,

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের কর্মচারীদের পক্ষ থেকে জি.এম. (এইচ আর) কর্তৃক প্রকাশিত বদলি আদেশের পক্ষপাতিত্বের অভিযোগ এনে আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল । পরে আপনার সঙ্গে সাক্ষাতে বিস্তারিতভাবে আলোচনা করে লিখিতভাবে সুনির্দিষ্ট অভিযোগ করা হয়েছিল কিভাবে একতরফাভাবে জুনিয়ার কর্মীদের বদলি করা হয়েছে কোন রকম নিয়ম নীতি না মেনে । উক্ত অর্ডারগুলির মধ্যে পি.ডি.সি.এল. কর্পোরেটের একটি অর্ডার সংশোধন করে আমাদের দাবি যে সঠিক ছিল তাকে মান্যতা দিয়েছেন । হীন রাজনৈতিক উদ্দেশ্যে এই নীতিগত অবস্থানে থাকার জন্য আমাদের ইউনিয়নের ক্ষতি হলেও সমগ্র কর্মচারীদের স্বার্থে আমাদের মেনে নিতে হয়েছে। এই অর্ডার প্রকাশ করে যিনি প্রশাসনের সঙ্গে আমাদের বিরোধ সৃষ্টি করছেন তাকে দায়বদ্ধ করতে হবে এবং শিল্প সম্পর্ক রক্ষার গুরুত্বপূর্ণ দায়িত্ব থেকে অপসারণ করতে হবে ।

এখনও বহু জুনিয়ার কর্মী ত্রুটি সংশোধন হবে এই প্রত্যাশায় অপেক্ষা করছেন । আপনাদের নিরপেক্ষ ভূমিকার জন্য কর্মচারীদের সংস্থার প্রতি আস্থা ও কাজের মনোবল ফিরে পাবে । জুনিয়ার কর্মী যাদের অনৈতিকভাবে বদলি করা হয়েছে, সিনিয়রিটি ভিত্তিক বদলির আদেশ প্রকাশ করলে এদের বদলি জনিত সমস্যায় পড়তে হতো না। তাই আমাদের ইউনিয়ন দাবি করছে এই কর্মীদের দ্রুত পূর্বের অবস্থানে ফেরত আনা হোক। পুনরায় উল্লেখ করছি সাগরদীঘি ও সান্তালদি উভয়ই অনুমত ও দূরবর্তী অঞ্চল হিসাবে চিহ্নিত সে কারণে সাগরদীঘি থেকে যাদের সান্তালদি বদলি করা হয়েছে তাদের অর্ডার সংশোধন করতে হবে।

আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করলাম ১৭ই মার্চ প্রকাশিত বদলী অর্ডারে কোলাঘাট পাওয়ার প্লান্টের সম্পাদক এবং ব্যান্ডেল প্লান্টের সম্পাদক উভয়কে অন্যাত্র বদলি করে দেওয়া হয়েছে । এরা দুজনেই বদলি সংক্রান্ত অর্ডার (অনুলিপি সংলগ্নীকৃত) অনুযায়ী সংরক্ষিত। আপনি নিশ্চই অবহিত আছেন যে, বিদ্যুৎ পর্যদ পুনর্গঠিত হয়ে বিদ্যুৎ উন্নয়ন নিগম গঠনের সময় থেকে স্বীকৃত ইউনিয়ন/অ্যাসোসিয়েশনগুলি এই অধিকার পেয়ে আসছে। বিগত দিনে নীতিগত প্রশ্নে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে গেলে কর্তৃপক্ষ জয়েন্ট ম্যানেজমেন্ট কাউন্সিল (জে এম সি) সভা ডেকে একা মতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতেন তাতে শিল্প সম্পর্ক সুদৃঢ় হত, বিদ্যুৎ শিল্পের উন্নতিতে সহায়ক হত এবং স্বীকৃত ইউনিয়ন/অ্যাসোসিয়েশনগুলি মর্যাদা পেত । এটা নিছক কোন ব্যক্তির সুবিধা বা অসুবিধা হিসাবে দেখা উচিত নয়। কি কারণে এই নীতির পরিবর্তন করা হল তা আমাদের জানানো হয়নি । এক তরফাভাবে এই নীতির প্রত্যাহার করার বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি ।

আশা করি আমাদের বক্তব্য গ্রহণ করে সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা হবে। ইউনিয়ন ও অ্যাসোসিয়েশনগুলির সঙ্গে পরিচালকমন্ডলী সুসম্পর্ক রক্ষা করে শিল্পের উন্নয়ন ঘটাতে সচেষ্ট হবেন।

ধন্যবাদান্তে
দীপক রায় চৌধুরী
সাধারণ সম্পাদক